# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

www.duet.ac.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/নিয়োগ-২৩৭/০৩/(খন্ড-৫)/১৭০৭

তারিখ ঃ ১৫/০৬/২০২৩ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূণ্য পদগুলি সম্পূর্ণরূপে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত নিম্নোক্ত শর্তাধীনে ও নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

| ক্রমিক নং | পদের নাম, বিভাগ/দপ্তর, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১। | **সহযোগী অধ্যাপক**<br>যন্ত্রকৌশল বিভাগ<br>বেতন স্কেল ৳: ৫০,০০০-৭১,২০০/- (গ্রেড-৪) | ০১ (এক) টি | (a) The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent and an M.Sc. Engg./M. Engg. or an equivalent degree in relevant branch from a recognized University/Institution plus 12 years of professional experience of which 6 years in active teaching in the post of Assistant Professor and/or above;<br>Or<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent in relevant branch of engineering and a Ph.D. or equivalent degree in relevant discipline from a recognized University/Institution plus 7 years of professional experience of which 3 years in active teaching in the post of Assistant Professor and /or above;<br>(b) All candidates must have at least 2 numbers of publications. |
| ০২। | **সহকারী অধ্যাপক**<br>ক) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ **[লীভ ভ্যাকেন্সি]**<br>খ) যন্ত্রকৌশল বিভাগ **[উচ্চতর পদের বিপরীতে]**<br>গ) ফুড ইঞ্জিনিয়ারিং বিভাগ **[উচ্চতর পদের বিপরীতে]**<br>ঘ) কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ **[উচ্চতর পদের বিপরীতে]**<br>ঙ) ম্যাটেরিয়ালস্ এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ **[উচ্চতর পদের বিপরীতে]**<br>বেতন স্কেল ৳: ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড-৬) | ০১ (এক) টি<br>০১ (এক) টি<br>০১ (এক) টি<br>০১ (এক) টি<br>০১ (এক) টি | The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent in relevant branch of engineering from a recognized University/Institution plus 4 years of professional experience;<br>Or<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent in relevant branch of engineering from a recognized University/Institution plus 3 years of professional experience of which 1 year in active teaching;<br>Or<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent and an M.Sc. Engg./M.Engg. or an equivalent degree in relevant branch of engineering from a recognized University/Institution plus 3 years of professional experience;<br>Or<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent and an M.Sc. Engg./M.Engg. or an equivalent degree in relevant branch of engineering from a recognized University/Institution plus 2 years of professional experience or which 1 year in active teaching;<br>Or<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent in relevant branch of Engineering and a Ph.D or equivalent degree in the relevant discipline from a recognized University/Institution. |
| ০৩। | **নির্বাহী প্রকৌশলী (সিভিল)**<br>প্রকৌশল অফিস<br>বেতন স্কেল ৳: ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড-৬) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং বা ইহার সমতুল্য বিভাগ হইতে বিএস-সি ইঞ্জিনিয়ারিং বা ইহার সমতুল্য ডিগ্রী থাকিতে হইবে এবং সহকারী ইঞ্জিনিয়ার/সমমান (গ্রেড-৯) পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বোর্ড হইতে সিভিল টেকনোলজিতে ডিপ্লোমা সহ প্রকৌশল কাজে কমপক্ষে ১৫(পনের) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে, যাহার মধ্যে সহকারী প্রকৌশলী/সমমান বা তদূর্ধ্ব পদে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৪। | **সহকারী রেজিস্ট্রার**<br>রেজিস্ট্রার অফিস<br>বেতন স্কেল ৳: ২৯,০০০-৬৩,৪১০/- (গ্রেড-৭) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে কমপক্ষে মাস্টার্স বা এইচ এস সি এর পর ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীধারী অথবা বি এস সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং প্রশাসনিক অফিসার (গ্রেড নং-৯) বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণীর পদে প্রশাসনিক কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।<br>প্রার্থীকে কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/গবেষনা বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতা সম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ০৫। | **ড্রাফটিং ইনস্ট্রাক্টর**<br>স্থাপত্য বিভাগ<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ০১ (এক) টি | প্রার্থীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পর্যায়ে ন্যূনতম জিপিএ ৩.০০ এবং কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ সহ B.Arch. ডিগ্রীধারী হতে হবে। |
| ০৬। | **সহকারী প্রোগ্রামার**<br>পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ০১ (এক) টি | ১। প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ/সিজিপিএ ৩.০০ বা ইহার সমতুল্য বিভাগ/শ্রেণীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট সমমানের কোন ইঞ্জিনিয়ারিং বিভাগ হইতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হইবে।<br>২। MySQL/PHP/LINUX/Windows NT তে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। |
| ০৭। | **সহকারী প্রকৌশলী (সিভিল)**<br>প্রকৌশল অফিস<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯)<br>[স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/নিয়োগ-২৩৭/০৩/(খন্ড-৪)/৬৩০; ০৪/০৩/২০২১খ্রি. তারিখ মোতাবেক ইতিপূর্বে যাঁহারা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই] | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে পুরকৌশলে বি এস সি ইঞ্জিনিয়ারিং বা ইহার সমতুল্য ডিগ্রী থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ পুরকৌশলে বা ইহার সমতুল্য কৌশলে কোন স্বীকৃত বোর্ড হইতে ডিপ্লোমাধারী হইতে হইবে এবং উপ-সহকারী প্রকৌশলী বা ইহার সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৮। | **টেকনিক্যাল অফিসার**<br>যন্ত্রকৌশল বিভাগ<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯)<br>[স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/নিয়োগ-২৩৭/০৩/(খন্ড-৩)/২৩৭; ২৮/০১/২০২১খ্রি. তারিখ মোতাবেক ক্রমিক নং ০৪ এ ইতিপূর্বে যাঁহারা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই] | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে বি এস সি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রী থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বোর্ড বা ইহার সমতুল্য প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সহ সহকারী টেকনিক্যাল অফিসার বা সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৯। | **সহকারী টেকনিক্যাল অফিসার**<br>যন্ত্রকৌশল বিভাগ<br>বেতন স্কেল ৳: ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০)<br>[স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/নিয়োগ-২৩৭/০৩/(খন্ড-৩)/২৩৭; ২৮/০১/২০২১খ্রি. তারিখ মোতাবেক ক্রমিক নং ০৭ এ ইতিপূর্বে যাঁহারা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই] | ০২ (দুই) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত শিক্ষা বোর্ড বা ইহার সমতুল্য শিক্ষা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ধারী হইতে হইবে। |
| ১০। | **জুনিয়র ইন্সট্রাক্টর**<br>পদার্থবিজ্ঞান বিভাগ<br>বেতন স্কেল ৳: ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স বা এইচ এস সি এর পর ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা ও রসায়ন বিষয় সহ বি এস সি/সমমানের ডিগ্রি থাকিতে হইবে এবং শিক্ষাদান ও ল্যাবরেটরির কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১১। | **ডাটা এন্ট্রি অপারেটর**<br>আইসিটি সেল<br>বেতন স্কেল ৳: ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ০১ (এক) টি | ১। প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ বিএসসি ডিগ্রীধারী হইতে হইবে এবং কম্পিউটার অপারেশন (MS Word, Excel, Internet I Data Base) এর কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২। কম্পিউটারে টাইপিং-এ ইংরেজীতে প্রতি মিনিটে ৪৫ (পঁয়তাল্লিশ) শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) শব্দ এর গতি সম্পন্ন হইতে হইবে।<br>৩। কম্পিউটার মেরামত ও সাচিবিক কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

চলমান পাতা-২

| ক্রমিক নং | পদের নাম, বিভাগ/দপ্তর, বেতন স্কেল ও গ্রেড (জা:বে:স্কে: ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| [illegible]। | **(ক) টেকনিশিয়ান**<br>সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ<br>বেতন স্কেল ৳: ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫)<br><br>**(খ) ল্যাব সহকারী**<br>ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ<br>বেতন স্কেল ৳: ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | ০১ (এক) টি<br><br><br><br>০১ (এক) টি | ১। কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোক) উত্তীর্ণ।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) উত্তীর্ণের পর সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (বিজ্ঞান) বা সমমানসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান উত্তীর্ণের পর স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স উত্তীর্ণ (জাতীয় দক্ষতামান ২ এবং ৩ উত্তীর্ণ)।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান উত্তীর্ণের পর ৬(ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্স পাশসহ অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>২। প্রার্থীর শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/সমমান জিপিএ থাকিতে হইবে। |
| ১৩। | **ড্রাইভার**<br>পরিচালক (যানবাহন) অফিস<br>বেতন স্কেল ৳: ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | ০১ (এক) টি | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমতুল্য জিপিএ সহ এসএসসি বা ইহার সমতুল্য পরীক্ষা পাশ হইতে হইবে। বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সসহ ৩(তিন) বৎসর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ভারী মটর ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>অথবা<br>প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সধারী সহ ৫(পাঁচ) বৎসর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ভারী মটর ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>খ) প্রার্থীকে ৬/৬ দৃষ্টি শক্তিসহ সুস্বাস্থের অধিকারী হইতে হইবে।<br>গ) যানবাহন রক্ষণাবেক্ষণ ও লগবই লেখার অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৪। | **ফ্যাব ল্যাব এটেনডেন্ট**<br>ফ্যাব ল্যাব<br>বেতন স্কেল ৳: ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | ০১ (এক) টি | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ সহ এস এস সি (বিজ্ঞান) পাশ এবং সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা সমতুল্য জিপিএ সহ এস এস সি (বিজ্ঞান) পাশ এবং সরকারী কোন প্রতিষ্ঠান বা স্বীকৃত শিক্ষাবোর্ডের অধীন সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৬(ছয়) মাস মেয়াদী ট্রেড কোর্স পাশ হইতে হইবে। |

**শর্তাবলী ঃ**

০১। আগ্রহী প্রার্থীকে আগামী ২০/০৭/২০২৩ খ্রি: তারিখ বৃহস্পতিবার রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

০২। আবেদনকারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের https://career.duetbd.org/ ওয়েবসাইটে প্রবেশ করে Create Applicant Account এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক একটি একাউন্ট তৈরী করে প্রার্থীত পদের আবেদনপত্র Submit করতে হবে এবং How to pay? বাটনে ক্লিক করে পেমেন্ট সম্পর্কিত নির্দেশনা অনুসরণপূর্বক প্রার্থীকে প্রার্থীত পদের জন্য আবেদন ফি বাবদ ক্রমিক নং- ০১ হইতে ০৮ এ বর্ণিত পদের জন্য ৬০০/- টাকা, ক্রমিক নং- ০৯ হইতে ১০ এ বর্ণিত পদের ৫০০/- টাকা, ক্রমিক নং- ১১ হইতে ১৩ এ বর্ণিত পদের জন্য ৩০০/- টাকা এবং ক্রমিক নং ১৪ এ বর্ণিত পদের জন্য ১০০/- টাকা নগদ মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

০৩। ক্রমিক নং ০১ হইতে ১৪ এ বর্ণিত পদের জন্য Online-এ আবেদন পত্র Submit করার পর Online-এ Generated আবেদন পত্র Print করে সকল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্ট (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি) এর হার্ড কপি ক্রমিক নং ০১ এ বর্ণিত পদের জন্য ১০ সেট, ক্রমিক নং ০২ হইতে ১০ এ বর্ণিত পদের জন্য ০৭ সেট এবং ক্রমিক নং ১১ হইতে ১৪ এ বর্ণিত পদের জন্য ০৫ সেট করিয়া পূর্ণাঙ্গ আবেদন আগামী ২০/০৭/২০২৩ খ্রি: তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে "রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" এর বরাবর পৌঁছাইতে হইবে।

০৪। পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের https://www.duet.ac.bd/notice/career-notices এই লিংকে পাওয়া যাবে।

০৫। ক্রমিক নং- ০৫ হইতে ১৪ এ বর্ণিত পদের জন্য প্রার্থীদের বয়সসীমা ন্যূনতম ১৮ (আঠারো) বৎসর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হইতে হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের কর্মরতদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

০৬। চাকরিরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।

০৭। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) বা ইহার সমতুল্য জিপিএ শিথিল করা যাইতে পারে।

০৮। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) বা ইহার সমতুল্য জিপিএ বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী শিথিল করা যাইতে পারে।

০৯। কোন পদে প্রার্থীর সংখ্যা বেশী হইলে প্রয়োজনে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হইতে পারে।

১০। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

১১। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের **লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান টেলিফোন/এসএমএস-এর মাধ্যমে জানানো হইবে।** লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১২। সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে সকল সনদ ও সংশ্লিষ্ট পত্রাদির মূল কপিসহ উপস্থিত থাকিতে হইবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করিতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করিতে বাধ্য থাকিবে না। দরখাস্তের সঙ্গে দাখিলকৃত কোন কাগজপত্র/পে-অর্ডার/ডিডি ফেরত প্রদান করা হইবে না।

১৪। কোটা সংরক্ষণের বিষয়ে সরকারি সর্বশেষ নির্দেশনা অনুসৃত হইবে।

১৫। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে 'অঙ্গীকারনামা' প্রদান করিতে হইবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

১৭। অভিজ্ঞতা বলিতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাইবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হইবে না।

15.06.2023

(অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ৪৯২৭৪০০৩ (অফিস)

স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/নিয়োগ-২৩৭/০৩/(খন্ড-৫)/ ১৭০৭

তারিখ ঃ১৫/০৬/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:-

০১। পিএস টু ভিসি/প্রো-ভিসি (ভিসি/প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর;

০২। ডীন, সকল অনুষদ, ডুয়েট, গাজীপুর;

০৩। রেজিস্ট্রার
ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বেগম রোকেয়া/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ/বরিশাল/বাংলাদেশ টেক্সটাইল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়/খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/রবীন্দ্র বিশ্ববিদ্যালয়/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর/শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/সিলেট মেডিকেল ইউনিভার্সিটি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এভিয়েশন এন্ড এরোস্পেস বিশ্ববিদ্যালয়/চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়;

০৪। সকল-বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান, ডুয়েট, গাজীপুর;

০৫। পরিচালক, কম্পিউটার সেন্টার, ডুয়েট, গাজীপুর (বিজ্ঞপ্তিটি এবং জীবন-বৃত্তান্তের ফরমেট বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল);

০৬। পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা;

০৭। অফিস প্রধান, কম্পট্রোলার অফিস, ডুয়েট, গাজীপুর;

০৮। সংরক্ষণ নথি/গার্ড ফাইল/সকল নোটিশ বোর্ড।

15.06.2023

(মোঃ মফিজুর রহমান)
অতিরিক্ত রেজিস্ট্রার